বাংলা দ্বিতীয় পত্র

রচনামূলক প্রশ্ন

১. যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো:

(ক) বইমেলা

(খ) মোবাইল ফোন

২. (ক) মনে করো, তুমি ইফতি। ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা জানিয়ে তোমার বন্ধু রাহাতকে একটি পত্র লেখো।

অথবা,

(খ) মনে করো, তুমি মাসুম। সড়ক দুর্ঘটনা প্রতিকারের দাবি জানিয়ে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি পত্র লেখো।

৩. সারাংশ লেখো:

(ক) তুমি বসন্তের কোকিল, বেশ লোক। যখন ফুল ফোটে, দক্ষিণ বাতাস বহে, এ সংসার সুখের স্পর্শে শিহরিয়া উঠে, তখন তুমি আসিয়া রসিকতা আরম্ভ করো। আবার যখন দারুণ শীতে জীবলোকে থরহরি কম্প লাগে, তখন কোথায় থাকো, বাপু! যখন শ্রাবণের ধারায় আমার চালাঘরে নদী বহে, যখন বৃষ্টির চোটে কাক চিল ভিজিয়া গোময় হয়, তখন তোমার মাজা মাজা কালো কালো দুলালি ধরনের শরীরখানি কোথায় থাকে? তুমি বসন্তের কোকিল, শীত বর্ষার কেহ নও।

অথবা,

সারমর্ম লেখো:

(খ)
বসুমতী, কেন তুমি এতই কৃপণা,
কত খোঁড়াখুঁড়ি করি পাই শস্যকণা।
দিতে যদি হয় দে মা, প্রসন্ন সহাস-
কেন এ মাথার ঘাম পায়েতে বহাস?
বিনা চাষে শস্য দিলে কী তাহাতে ক্ষতি?
শুনিয়া ঈষৎ হাসি কন বসুমতী,
আমার গৌরব তাহে সামান্যই বাড়ে,
তোমার গৌরব তাহে নিতান্তই ছাড়ে।

৪. যেকোনো একটির ভাব-সম্প্রসারণ করো:

(ক) মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।

(খ) গ্রন্থগত বিদ্যা আর পরহস্তে ধন,
নহে বিদ্যা নহে ধন হলে প্রয়োজন।

৫. (ক) মনে করো, তুমি অরুন। তোমার বিদ্যালয়ের নবীনবরণ ও বিদায়- সংবর্ধনা অনুষ্ঠান উদ্যাপন সম্পর্কিত একটি সংবাদ প্রতিবেদন তৈরি করো।

অথবা,

(খ) মনে করো, তুমি ধ্রুব। 'দৈনিক ইত্তেফাক' পত্রিকার একজন নিজস্ব সংবাদদাতা হিসেবে সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা-বিষয়ক একটি প্রতিবেদন তৈরি করো।

৬. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:

(ক) ভাষা আন্দোলন

(খ) মাদকাসক্তি ও এর প্রতিকার

(গ) কৃষিকাজে বিজ্ঞান

prosnobd.com

বহুনির্বাচনি অভীক্ষা
বাংলা দ্বিতীয় পত্র
[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]
সময় – ৩০ মিনিট
পূর্ণমান – ৩০

বিষয় কোড : 102
সেট : ক

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।**

১। 'বাদি' শব্দটি দ্বারা ফরিয়াদি বোঝালেও 'বাদী' শব্দটি দ্বারা কী বোঝানো হয়?
(ক) চাকরানি (খ) মতাদর্শী
(গ) যথার্থ (ঘ) দেয়াল

২। বাক্যের মধ্যকার একাধিক পদকে সংযুক্ত করতে কোন যতিচিহ্নের ব্যবহার হয়?
(ক) কমা (খ) কোলন
(গ) ড্যাস (ঘ) হাইফেন

৩। নিচের কোন বাক্যটি ভাববাচ্যের?
(ক) শরতে শিউলি ফোটে।
(খ) চিঠিটা পড়া হয়েছে।
(গ) আমাদের কঠোর পরিশ্রম করতে হবে।
(ঘ) ওখানে কেন যাওয়া হলো?

৪। নিত্য অতীত কালের শ্রোতাপক্ষের সাধারণ রূপে ক্রিয়ার সাথে কোন বিভক্তি যুক্ত হয়?
(ক) তাম (খ) তি
(গ) ত (ঘ) তে

৫। নিচের কোনটি যৌগিক বাক্যের উদাহরণ?
(ক) নিয়মিত সাঁতার কাটো, স্বাস্থ্য ভালো থাকবে।
(খ) সে এখানে এসে সব কথা খুলে বলল।
(গ) যদি তুমি যাও, তবে তার দেখা পাবে।
(ঘ) আমি পড়াশোনা শেষ করে খেলতে যাব।

৬। একবচন শব্দের পরে কী যুক্ত হয়ে বহুবচন শব্দ তৈরিকরে?
(ক) লগ্নক (খ) নির্দেশক
(গ) বিভক্তি (ঘ) প্রত্যয়

৭। বাক্যের মধ্যকার একাধিক শব্দ দিয়ে গঠিত বাক্যাংশকে কী বলে?
(ক) উদ্দেশ্যের প্রসারণ (খ) বাক্যাংশ
(গ) বিধেয় কর্ম (ঘ) বর্গ

৮। 'বল্লভ' শব্দটির প্রতিশব্দ নিচের কোনটি?
(ক) স্বামী (খ) তপন
(গ) পানি (ঘ) সাগর

৯। কোন কারকে ক্রিয়ার উৎস নির্দেশ করা হয়?
(ক) অধিকরণ (খ) সম্বন্ধ
(গ) করণ (ঘ) অপাদান

১০। 'সোনায় সোহাগা' বাগধারাটির সমার্থক বাগধারা হল-
(ক) মানিক জোড়
(খ) সোনার পাথর বাটি
(গ) মনিকাঞ্চন যোগ
(ঘ) একাদশে বৃহস্পতি

১১। যদি বৃষ্টি হতো, সবাই মিলে খিচুড়ি খেতাম। ক্রিয়ার বিশিষ্ট প্রয়োগে বাক্যটি কোন কালের?
(ক) সাধারণ ভবিষ্যৎ
(খ) সাধারণ বর্তমান
(গ) সাধারণ অতীত
(ঘ) ঘটমান বর্তমান

১২। নিচের কোন বাক্যে অলঙ্কার আবেগ আছে?
(ক) বাহ্! চমৎকার লিখেছ।
(খ) আরে; তুমি আবার কখন এলে?
(গ) যাকগে, ওসব কথা থাক।
(ঘ) বেশ, তবে যাওয়াই যাক।

১৩। গোলাপ নামের ফুল = গোলাপফুল
কোন সমাসের উদাহরণ?
(ক) দ্বন্দ্ব (খ) বহুব্রীহি
(গ) তৎপুরুষ (ঘ) কর্মধারয়

১৪। জিভের সম্মুখ-পশ্চাৎ অবস্থান অনুযায়ী স্বরধ্বনিগুলো কয়ভাগে বিভক্ত?
(ক) দুই ভাগে (খ) তিন ভাগে
(গ) চার ভাগে (ঘ) পাঁচ ভাগে

১৫। 'বাংলাদেশ'-কোন বিশেষ্য পদ?
(ক) জাতি-বিশেষ্য
(খ) নাম-বিশেষ্য
(গ) সমষ্টি-বিশেষ্য
(ঘ) গুণ-বিশেষ্য

proshnobd.com

১৬। নিচের কোন বাক্যে বিধেয় বিশেষণ আছে?
(ক) লোকটা পাগল
(খ) আধাকেজি চাল
(গ) খুব ভালো খবর
(ঘ) তৃতীয় প্রজন্ম
১৭। ভূত, ভাবী এবং শর্ত কোন ক্রিয়ার উদাহরণ?
(ক) অকর্মক ক্রিয়া
(খ) অসমাপিকা ক্রিয়া
(গ) যৌগিক ক্রিয়া
(ঘ) প্রযোজক ক্রিয়া
১৮। ভয়ে ভয়ে, চুপি চুপি - গঠন বিবেচনায় কোন ক্রিয়া বিশেষণ?
(ক) ধরনবাচক
(খ) পদানু
(গ) বহুপদী
(ঘ) কালবাচক
১৯। অনুসর্গকে কয়ভাগে ভাগ করা হয়?
(ক) দুই ভাগে (খ) তিন ভাগে
(গ) চার ভাগে (ঘ) পাঁচ ভাগে
২০। ছেলেটাকে চোখে চোখে রাখ। এখানে 'চোখে চোখে' কোন শব্দ দ্বিত্ব?
(ক) অনুকার দ্বিত্ব
(খ) বিভক্তিযুক্ত পুনরাবৃত্ত
(গ) ধ্বন্যাত্মক দ্বিত্ব
(ঘ) সাধারণ দ্বিত্ব
২১। প্রকৃতি-প্রত্যয় সাধিত সঠিক শব্দ কোনটি?
(ক) চল্+ ইষ্ণু = চলিষ্ণু
(খ) প্রাণ + ই = প্রাণী
(গ) ঢাক্ + আই = ঢাকাই
(ঘ) সল্ + ঈল = সলিল
২২। পদের অংশ কোনটি?
(ক) প্রত্যয় (খ) উপসর্গ
(গ) নির্দেশক (ঘ) অনুসর্গ
২৩। 'এ' বর্ণের উচ্চারণ কয় রকমের?
(ক) দুই (খ) তিন
(গ) চার (ঘ) পাঁচ
২৪। অর্থ নেই, কিন্তু অর্থের দ্যোতনা তৈরি করে
(ক) অনুসর্গ
(খ) উপসর্গ
(গ) বিভক্তি
(ঘ) প্রত্যয়
২৫। সঠিক সন্ধিবিচ্ছেদ নিচের কোনটি?
(ক) বন+ ঔষধি = বনৌষধি
(খ) শীত + আর্ত = শীতার্ত
(গ) পরি+ ঈক্ষা = পরীক্ষা
(ঘ) রবী ইন্দ্র = রবীন্দ্র
২৬। বাংলা ভাষায় মৌলিক ধ্বনি কয়টি?
(ক) ৭টি
(খ) ৩২ টি
(গ) ৩৭ টি
(ঘ) ৫০ টি
২৭। 'তেহাই' কী ধরনের সংখ্যাবাচক শব্দ?
(ক) সাধারণ পূরণবাচক
(খ) গণনাবাচক
(গ) ক্রমবাচক
(ঘ) ভগ্নাংশ পূরণবাচক
২৮। বাংলা লিপি কোন লিপির বিবর্তিত রূপ?
(ক) সংস্কৃত লিপি
(খ) ব্রাহ্মীলিপি
(গ) আর্য লিপি
(ঘ) কুটিল লিপি
২৯। বাংলা ভাষায় প্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন কে?
(ক) ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর
(খ) রাম মোহন রায়
(গ) বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায়
(ঘ) রামচন্দ্র বিদ্যাবাগীশ
৩০। প্রত্যয় যোগে নারীবাচক শব্দ গঠিত হয়েছে নিচের কোনটিতে?
(ক) বিধবা
(খ) বেগম
(গ) শ্রীমতী
(ঘ) মেয়ে
prosnobd.com